সংবাদ

তারিখ ... 09 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ...

# শেষ হলো ৫ম জাতীয় শিক্ষক সম্মেলন

নিজস্ব বার্তা পরিবেশক

শেষ হলো ৫ম জাতীয় শিক্ষক সম্মেলন। গত শুক্রবার রাজধানীর তেজগাঁওয়ের আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শুরু হওয়া দুই দিনব্যাপী এ সম্মেলনে গতকাল শেষ হয়। এ সম্মেলনে মোট ৩টি প্ল্যানারি ও ১৭টি প্যারালাল সেশন পরিচালিত হয়। প্ল্যানারি সেশনে ৩টি বিশেষ পেপার এবং প্যারালাল সেশনসমূহে শিক্ষায় নৈতিকতা, ডিবেট, শিক্ষণ মূল্যায়ন, আইসিটি ব্যবহার, শিক্ষণ-শিখন পদ্ধতি বিষয়ে ৩২টি পেপার উপস্থাপিত হয়। প্রতিটি সেশনে পেপার উপস্থাপনের পর সেশন চেয়ার অংশগ্রহণকারীদের জন্য উন্মুক্ত প্রশ্নোত্তরের সহায়তা করেন। বিভিন্ন সেশনের প্রশ্নোত্তর, উত্থাপিত সমস্যা, সম্ভাবনা ও প্রস্তাবনাসমূহ সর্বশেষ প্ল্যানারি সেশনে উপস্থাপিত হয়। প্রাধান্য পায় শিক্ষায় নৈতিকতা, প্রযুক্তির ব্যবহার, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা।

গত শুক্রবার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক সম্মেলনের উদ্বোধন করেন। গতকাল সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী সব শিক্ষককে সার্টিফিকেট বিতরণ করা হয়। সমাপনী বক্তব্য প্রদান করেন ঢাকা আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট ও বাংলাদেশ লিটারেসি অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান কাজী রফিকুল আলম। মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের ভূমিকা, যথাযথ শিখন-শিক্ষণ পদ্ধতি অনুশীলন, আইসিটির ব্যবহার ও পেশাগত উৎকর্ষ সাধনের নানান দিক তুলে ধরার একাডেমিক প্লাটফর্ম হিসেবে বাংলাদেশ লিটারেসি অ্যাসোসিয়েশন (ইন্টারন্যাশনাল লিটারেসি অ্যাসোসিয়েশনের বাংলাদেশ চাপ্টার) ২০১২ সাল থেকে প্রতি বছর জাতীয় পর্যায়ে শিক্ষক সম্মেলন আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় ৭-৮ অক্টোবর 'শিক্ষায় নৈতিকতা ও পেশাগত উন্নয়ন' শিরোনামে ৫ম জাতীয় শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়।